



অবি লম্বে প্রকাশে র উদ্দেশ্যে: 9/29/2021

গভর্নর ক্যাথি হোচুল

দেশের প্রথম টিকা সংক্রান্ত ম্যান্ডেট বাস্তবায়নের পর স্বাস্থ্যসেবা কর্মীদের বিষয়ে
গভর্নর হোচুলের আপডেট প্রদান

*ম্যান্ডেট কার্যকর হওয়ার পর থেকে কোনো স্বাস্থ্যসেবা কেন্দ্র বন্ধ থাকেনি বলে
জানানো হয়েছে*

*24/7 অপারেশন সেন্টারের তদারকি এবং স্বাস্থ্যসেবা কেন্দ্র থেকে প্রশ্নসমূহের সমাধান
প্রদান করা হয়েছে*

*গভর্নরের নির্বাহী আদেশ প্রয়োজন অনুযায়ী শূন্যতা পূরণের জন্য যোগ্য স্বাস্থ্যসেবা
কর্মীদের উল্লেখযোগ্যভাবে সম্প্রসারণ করেছে*

স্টেটের টিকা সংক্রান্ত ম্যান্ডেট বাস্তবায়নের পরে গভর্নর ক্যাথি হোচুল আজ হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্রসমূহের কর্মীদের সম্পর্কে একটি আপডেট জানিয়েছেন। ম্যান্ডেট কার্যকর হওয়ার পর থেকে স্টেটজুড়ে কোনো স্বাস্থ্যসেবা কেন্দ্র বন্ধ থাকেনি বলে জানানো হয়েছে।

"আমাদের সর্ববৃহৎ দায়িত্ব হলো আমাদের সবচেয়ে অরক্ষিত জনগোষ্ঠীকে সুরক্ষিত রাখা, এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার ক্ষেত্রে আমাদের প্রিয়জনদের জন্য যারা সেবা প্রদান করে থাকেন সেসব স্বাস্থ্যসেবা কর্মীদের টিকাপ্রাপ্তি নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ," বলেছেন **গভর্নর হোচুল**। "প্রস্তুতি নেয়া ও নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখার ক্ষেত্রে যারা গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছেন আমি সেসব স্বাস্থ্যসেবা কেন্দ্র, ইউনিয়ন, ও স্বাস্থ্যসেবা কর্মীর প্রতি কৃতজ্ঞ, এবং স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর কার্যক্রম অব্যাহত থাকা নিশ্চিত করতে আমরা তাদের সাথে কাজ করছি। আমরা পরিস্থিতি তদারকি করা এবং যেকোনো সমস্যা সমাধানের জন্য স্টেকহোল্ডারদের সাথে কাজ করা চালিয়ে যাবো, এবং আমি প্রয়োজন অনুযায়ী বাড়তি পদক্ষেপ গ্রহণ করতে প্রস্তুত আছি।"

স্বাস্থ্য বিভাগের (Department of Health) নেতৃত্বে স্টেটব্যাপী কর্মীদের কার্যক্রম ও প্রবণতা অব্যাহতভাবে তদারকি করা, স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোকে নির্দেশনা প্রদান করা এবং প্রয়োজন অনুযায়ী স্বাস্থ্যসেবা প্রদানকারীদের বিরূপ পরিস্থিতি মোকাবেলায় সাহায্য করার উদ্দেশ্যে 24/7 একটি অপারেশন সেন্টার পরিচালনার জন্য গভর্নর নির্দেশ দিয়েছেন।

ম্যান্ডেট কার্যকর হওয়ার পর থেকে, অপারেশন সেন্টারের বিষয়ভিত্তিক বিশেষজ্ঞগণ প্রভাবিত হওয়া ফ্যাসিলিটিগুলোর সাথে পরিস্থিতি মোকাবেলা ও সমাধান শনাক্ত করতে কাজ করছেন।

SUNY সিস্টেমের মধ্যে, সব ফ্যাসিলিটি গুরুত্বপূর্ণ সেবাগুলো বজায় রাখতে কার্যপরিচালনার ক্ষেত্রে সমন্বয়সাধন করেছে।

আজ সকাল পর্যন্ত, 87% হাসপাতাল কর্মী সম্পূর্ণভাবে টিকা গ্রহণ করেছেন। ফ্যাসিলিটি পর্যায়ে পূর্ণ বিবরণ [এখানে](#) পাওয়া যাবে। গতকাল, গভর্নর হোচুল প্রাথমিক ডাটা প্রকাশ করেছেন যেখানে ম্যান্ডেট বাস্তবায়নের ফলে স্বাস্থ্যসেবা কর্মীদের টিকা গ্রহণের হার বৃদ্ধি পেয়েছে বলে দেখা গেছে। সর্বশেষ পাওয়া [ডাটা](#) অনুযায়ী ম্যান্ডেট মেনে চলা কর্মীদের শতকরা হার নিচে দেওয়া হলো:

- কোভিড-19 টিকার কমপক্ষে একটি ডোজ গ্রহণ করেছেন এমন নার্সিং হোমের কর্মীদের সংখ্যা 92%।
- কোভিড-19 টিকার কমপক্ষে একটি ডোজ গ্রহণ করেছেন এমন প্রাপ্তবয়স্ক সেবাকেন্দ্রের কর্মীদের সংখ্যা 89%।
- কোভিড-19 টিকার কমপক্ষে একটি ডোজ গ্রহণ করেছেন এমন হাসপাতালের কর্মীদের সংখ্যা 92%।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)